

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৫২ - ''আসসালামু আলাল্ল**াহ'' [আল্লাহর**] উপর শান্তি বর্ষিত হোক] বলা যাবে না

১। সহীহ বুখারীতে ইবনে মাসউদ রা. থেকে বর্ণিত আছে, তিনি বলেছেন, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**াম এর সাথে নামাযে মগ্ন ছিলাম। তখন আম**রা বললাম,

السلام على الله من عباده، السلام على فلان فلان

"আল্লাহর উপর তাঁর বান্দাদের পক্ষ থেকে শান্তি হোক, অমুক অমুকের উপর শান্তি বর্ষিত হোক।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**াম বললেন**,

لا تقولوا السلام على الله، فإن الله هو السلام

''আল্লাহর উপর শান্তি হোক, এমন কথা তোমরা বলো না। কেননা আল্লাহ নিজেই 'সালাম' [শান্তি]"

- এ অধ্যায় থেকে নিম্নোক্ত বিষয়গুলো জানা যায় .
- ১। 'সালাম' এর ব্যাখ্যা।
- ২। 'সালাম' হচ্ছে সম্মানজনক সম্ভাষণ।
- ৩। এ ['সালাম'] সম্ভাষণ আল্লাহর ব্যাপারে প্রযোজ্য নয়।
- ৪। আল্লাহর ব্যাপারে 'সালাম' প্রযোজ্য না হওয়ার কারণ।
- ৫। বান্দাহগণকে এমন সম্ভাষণ শিক্ষা দেয়া হয়েছে যা আল্লাহর জন্য সমীচীন ও শোভনীয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5128

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন